# আমার দেশ ভারতবর্ষ

আমার দেশ ভারতবর্ষ। আমরা ভারতবর্ষে বাস করি। তাই আমরা ভারতবাসী বলে পরিচিত। দেশের প্রতি ভালোবাসাই আমাদের স্বদেশ প্রেম। আমাদের দেশের উত্তরে আছে হিমালয় পর্বত, নেপাল, ভুটান ও চিন। দক্ষিণে আছে ভারত মহাসাগর ও শ্রীলঙ্কা। পূর্বে বাংলাদেশ, ব্রহ্মদেশ ও * বঙ্গোপসাগর। পশ্চিমে পাকিস্তান ও আরব। লোকসংখ্যার বিচারে পৃথিবীতে ভারতের স্থান দ্বিতীয়। আমাদের দেশের কোথাও সমভূমি কোথাও মালভূমি কোথাও পাহাড়পর্বত আবার কোথাও রয়েছে মরুভূমি।আমাদের দেশে অনেক জাতির মানুষ বসবাস করেন। কিন্তু সকলের সাথেই একটি সৎভাব রয়েছে। বিভিন্ন ভাষাভাষীর মানুষ তাদের বিভিন্ন ধর্ম, ভিন্ন ভিন্ন জীবনযাত্রা, খাদ্যাভাস, আচারআচরণ সত্ত্বেও সবাই একসঙ্গে মিলেমিশে বাস করি। সেই কারণে আমাদের দেশ হল মহামিলনের ক্ষেত্র। (ভারতে মূলত তিন-চারটি ঋতুপরিবর্তন দেখা যায়। আমাদের দেশ বিশ্বেরই

একটি ক্ষুদ্র সংস্করণ। এখানে নানা প্রজাতির গাছপালা, জীবজন্তু ও কীটপতঙ্গ রয়েছে। প্রাচীনকাল থেকেই ভারতবর্ষের সঙ্গে পৃথিবীর বিভিন্ন দেশের ব্যবসা-বাণিজ্যিক সম্পর্ক ছিল। অঙ্কশাস্ত্র, জ্যোতির্বিজ্ঞান, জ্যোতিষশাস্ত্র, আয়ুর্বেদ শাস্ত্র প্রভৃতিতে ভারত খুবই উন্নত। এইসব বিদা ভারত থেকেই সারা পৃথিবীর বিভিন্ন দেশে ছড়িয়ে পড়েছে।আমাদের দেশে যুগে যুগে বহু মহাপুরুষ ও ধর্মীয় নেতা জন্মগ্রহণ করেছেন। তাঁরা সারা পৃথিবীতে ভারতের সম্মান ও মর্যদা বাড়িয়েছেন। তাঁরা মানুষকে শান্তি ও ঐক্যের রাণী শুনিয়েছেন।